

রাজা রামমোহনের দর্শনচিন্তায় ধর্মীয় সংস্কার ও সমাজ কল্যাণ

ডঃ মধুমিতা মিত্র

সারসংক্ষেপ

নবজাগরণের অগ্রদূত রাজা রামমোহন রায়ের যে যুগে আবির্ভাব ঘটেছিল সে যুগে ভারতবর্ষীয় সমাজ ছিল শাস্ত্রীয় অনুশাসন, ধর্মীয় প্রথা এবং সেই সম্পর্কিত অন্ধবিশ্বাস ও কুসংস্কারের দ্বারা পরিচালিত। মুক্ত চিন্তা ও যুক্তি-বুদ্ধির দ্বার ছিল রুদ্ধ। বিভিন্ন ধর্মীয় সম্প্রদায় ছিল নিজ ধর্মের বিধি-নিষেধ, উপাসনা পদ্ধতি ইত্যাদিকে চরম সত্য হিসাবে গ্রহণ করে পারস্পরিক বিবাদ ও সংঘর্ষে লিপ্ত। বেদান্ত ও উপনিষদের অধ্যাত্মবাদী দর্শন, পাশ্চাত্য দর্শনের যুক্তিবাদী দৃষ্টিভঙ্গি ও হিতবাদী দর্শনের দ্বারা প্রভাবিত রাজা রামমোহন রায় উপলব্ধি করেছিলেন যে ভারতবর্ষীয় সমাজের উন্নয়নের জন্য একান্ত আবশ্যিক ধর্মীয় সংস্কার। সমাজকল্যাণ প্রতিষ্ঠার উদ্দেশ্যে তিনি দার্শনিক যুক্তি-তর্ক, বিচার-বিশ্লেষণের মাধ্যমে বিভিন্ন ধর্মের বিভেদপূর্ণ রীতি-নীতি, বিধিনিষেধ ও সাম্প্রদায়িক মনোভাবের সমালোচনা করেছেন এবং সেই সঙ্গে বিভিন্ন ধর্মের মূল সত্য কে অবলম্বন করে ব্রাহ্ম সমাজ প্রতিষ্ঠার মাধ্যমে ধর্মীয় সম্প্রদায়গুলির মধ্যে সমন্বয় সাধনের প্রয়াস করেছেন। বিভিন্ন ধর্মমতের সংস্কার ও সমন্বয় সাধনের প্রচেষ্টায় রাজা রামমোহন তুলনামূলক দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছেন। বর্তমান প্রবন্ধে ধর্মীয় সংস্কারসাধনের উদ্দেশ্যে পরিচালিত রাজা রামমোহন রায় এর দার্শনিক যুক্তি-তর্ক, বিচার-বিশ্লেষণের উপর আলোকপাত করা হয়েছে এবং সেই প্রসঙ্গে তাঁর সংস্কারসাধন প্রকল্পের খণ্ডন ও গঠনমূলক - উভয়দিক আলোচিত হয়েছে। রাজা রামমোহন প্রবর্তিত ব্রাহ্ম সমাজের মূল উদ্দেশ্য ছিল সার্বভৌমিক মানবধর্ম প্রতিষ্ঠা - যার মূল প্রতিপাদ্য বিষয় ছিল- অহিতকর ধর্মীয় বিধি নিষেধ থেকে মুক্ত হয়ে পরমেশ্বরের প্রতি ঐকান্তিক নিষ্ঠাসহ সমাজের কল্যাণ সাধনে নিযুক্ত

SKBU JOURNAL OF PHILOSOPHY
PEER REVIEWED

হওয়া । প্রবন্ধে ধর্মীয় সংস্কারসাধনের সাথে যুক্ত রামমোহনের জনকল্যাণমূলক দৃষ্টিভঙ্গি পর্যালোচিত হয়েছে। রামমোহন রায় তাঁর দার্শনিক যুক্তিতর্ক এবং বিপুল সমাজসংস্কারমূলক কর্মকাণ্ডের দ্বারা প্রতিষ্ঠা করতে চেয়েছেন যে ধর্ম নয়, ধর্মের অপব্যবহারই সমাজের ঐক্য ও সংহতির পরিপন্থী । তাঁর লক্ষ্য ছিল যথার্থ ব্যাখ্যার মাধ্যমে ধর্মকে বিভেদ এর শক্তির পরিবর্তে মিলনের শক্তি হিসাবে প্রতিষ্ঠা করা ।

মূল শব্দঃ ঈশ্বর, ধর্মীয় সংস্কার, সমাজকল্যাণ, যুক্তিবাদ, হিতবাদ, মানবতাবাদ